

## **া** পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৯. ৪. প্রত্যেকেই পাপ করে? না কিছু মানুষ পাপ করে না?

বাইবেলের বিভিন্ন স্থানে বলা হয়েছে যে, সকল মানুষই পাপ করে। কিন্তু অন্যত্র বলা হয়েছে যে, কিছু মানুষ পাপ করে না। ১ রাজাবালি ৮/৪৬: "তাহারা যদি তোমার বিরুদ্ধে পাপ করে- কেননা পাপ না করে এমন কোন মনুষ্য নাই-"। (অনুরূপ: ২ বংশাবলি ৬/৩৬; হিতোপদেশ ২০/৯; উপদেশক ৭/২০; ১ যোহন ১/৮ ও ১/৯)।

কিন্তু ১ যোহন ৩/৯: "যে কেহ ঈশ্বর হইতে জাত, সে পাপ করে না (doth not commit sin) কারণ তাঁহার বীর্য তাহার অন্তরে থাকে; এবং সে পাপ করিতে পারে না, কারণ সে ঈশ্বর হইতে জাত (he cannot sin, because he is born of God)।

আমরা জানি, 'doth not commit sin' ও 'cannot sin' বাক্যদ্বয়ের স্পষ্ট অর্থ "পাপ করে না" এবং "পাপ করতে পারে না"। কেরির অনুবাদ মূলানুগ: "পাপাচরণ করে না" ও "পাপ করিতে পারে না"। কিন্তু অন্যান্য অনুবাদে "গুনাহ করতে থাকে না", "পাপে পড়ে থাকে না", "পাপে পড়ে থাকতে পারে না" ইত্যাদি লেখা হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14086

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন